সমকাল
2 FEB 2017

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সাহিত্য ও সংস্কৃতি পাঠ নিয়ে গোলটেবিল আজ

■ সমকাল প্রতিবেদক

সমকালের উদ্যোগে 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলা সাহিত্য ও সংস্কৃতি পাঠের প্রয়োজনীয়তা' শীর্ষক গোলটেবিল আলোচনা আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। সমকাল সম্পাদক গোলাম সারওয়ারের সভাপতিত্বে পত্রিকার সভাকক্ষে বিকেল ৩টায় আয়োজিত এ বৈঠকে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এতে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৮

## বেসরকারি

[তৃতীয় পৃষ্ঠার পর]

আলোচক হিসেবে থাকবেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, ইউজিসি সদস্য অধ্যাপক ড. শাহনেওয়াজ আলী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক, বেসরকারি বিশ্ববিদ্যালয় মালিক সমিতির সভাপতি শেখ কবীর হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারম্যান সবুর খান, নর্থসাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আতিকুল ইসলাম, ইস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব, সাউথইস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মেশকাত উদ্দীন, নর্দান বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. আবু মোহাম্মদ আবদুল্লাহ ও লেখক-গবেষক শোয়াইব জিবরান। অনুষ্ঠান সঞ্চালনা করবেন সমকালের নির্বাহী সম্পাদক মুস্তাফিজ শফি।